## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

**ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ** বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউটের ২ (দুই) টি শূন্য ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট পদে নিম্নে উল্লেখিত বেতন স্কেল, গ্রেড, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট<br>টা: ১১,০০০-২৬,৫৯০/- বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫)<br>১৩তম গ্রেড | ২ (দুই) টি | প্রার্থীকে এস.এস.সি/এইচ.এস.সি সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫.০০ স্কেলে ৩.০০ এবং সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম ২.৭৫ সহ রসায়নশাস্ত্র/ পদার্থবিজ্ঞান/ প্রাণিবিদ্যা/ উদ্ভিদবিজ্ঞান/ প্রাণরসায়ন/ অনুজীব বিজ্ঞান/ হেলথ টেকনোলজি (ল্যাবরেটরি) বিষয়ে স্নাতক পাশ হতে হবে। প্রার্থীর শিক্ষা জীবনের কোনো পর্যায়ে দ্বিতীয় বিভাগ/ জিপিএ ৩.০০ (৫.০০ স্কেলে) এবং দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ২.৭৫ (৪.০০ স্কেলে) এর নিচে গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য। পূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। |

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোনো তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তাঁর পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।

পরিচালক, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় এর অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখপূর্বক পরিচালক বরাবরে লিখিত দরখাস্ত আগামী ৩০-০৭-২০২৬খ্রি./১৫ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ তারিখের মধ্যে পরিচালক, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় এর অফিসে পৌঁছাতে হবে।

চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।